

# যমক অলংকার

কোয়েল ঘোষ

বাংলা বিভাগ

তেহাট্টা সদানন্দ মহাবিদ্যালয়

# যমক অলংকার

- বাক্যে একই শব্দ দুই বা দুয়ের অধিকবার ব্যবহৃত হয়ে যদি ভিন্ন ভিন্ন অর্থপ্রকাশ করে তখন তাকে **যমক অলংকার** বলে ।

## • উদাহরণ:

I. ভারত ভারত খ্যাত আপনার গুনে

II. বিভীষণ বিভীষণ রণে

# শ্রেণীবিভাগ

## যমক অলংকার

অবস্থানভেদ অনুসারে

অর্থভেদ অনুসারে

আদ্য যমক


মধ্য যমক

অন্ত যমক

সর্ব যমক

সার্থক যমক

নিরর্থক যমক



# আদ্য যমক

- যমক শব্দদ্বয় চরণের আদিতে অবস্থান করলে তাকে আদ্য যমক বলা হয়।

## • উদাহরণ:

I. কৃতিবাস কীতিবাস কবি এ বঙ্গের অলংকার

II. কমলাসনে কমলাসনে কমলাপতি বিহরে

III. আনা দরে আনা যায় কত আনারস

# মধ্য যমক

• যমক শব্দদ্বয় চরণের মধ্যভাগে অবস্থান করলে তাকে মধ্য যমক বলা হয়।

• উদাহরণ:

I. আবরিছে দীননাথ ঘন ঘন রূপে

II. পাইয়া চরণ তরী, তরি ভবে আশা

III. এখন মিলেছে তারা তারার সনে

# অন্ত যমক

- যমক শব্দদ্বয় চরণের অন্তভাগে অবস্থান করলে তাকে **অন্ত যমক** বলা হয়।

## • উদাহরণ:

- I. দুহিতা আনিয়া যদি না দেহ  
নিশ্চয় আমি ত্যাজিব এ দেহ
- II. ওরে ও দারুন বিধি  
তোর এ দারুন বিধি

# সর্ব যমক

- চরণে ব্যবহৃত প্রতিটি শব্দে যদি যমক অলংকার হয় তবে তাকে সর্ব যমক অলংকার বলা হয়।

## • উদাহরণ:

- I. কান্তার আমোদপূর্ণ কান্ত সহকারে  
কান্তার আমোদপূর্ণ কান্ত সহকারে

# সার্থক যমক

- যে যমক অলংকারে যমক শব্দ দুটির ভিন্ন ভিন্ন অর্থ থাকে তাকে সার্থক যমক বলা হয়।
- উদাহরণ:
  - I. ভারত ভারত খ্যাত আপনার গুনে



# নিরর্থক যমক

- যে যমক অলংকারে যমক শব্দ দুটির একটির অর্থ থাকে এবং একটির অর্থ থাকে না তাকে নিরর্থক যমক বলা হয়।

## • উদাহরণ:

- I. বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীন।
- II. শেফালী রায়ের সঙ্গে আমার এক ফালিও পরিচয় নেই।